দৈনিক সংবাদ

তারিখ 25 AUG 1987
পৃষ্ঠা I কলাম I

064

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হল খুলে দেয়ার দাবী

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৮৯ জন ছাত্র এক যুক্ত বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো অবিলম্বে খুলে দেয়ার দাবী জানিয়েছে।

এই দাবীতে আগামীকাল বুধবার সকাল ১০টায় 'অপরাজেয় বাংলা'র পাদদেশে সাধারণ ছাত্র-ছাত্রীদের এক সমাবেশ আহ্বান করা হয়েছে।

গতকাল সোমবার দেয়া ওই বিবৃতিতে বলা হয়, দেশের অধিকাংশ এলাকা বন্যায় প্লাবিত হওয়ায় বাড়ীতে অবস্থানরত ছাত্র-ছাত্রীদের বই, নোটসহ অন্যান্য কাগজপত্র নষ্ট হবার উপক্রম হয়েছে।

# বর্ধিত হারে ছাত্র বেতন আদায়ের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে দ্বিগুণ হারে ছাত্র বেতন আদায় করার জন্য সার্কুলার প্রেরণ এবং কোথাও কোথাও তা কার্যকর করার উদ্যোগে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের একাংশ ক্ষোভ প্রকাশ করেছে।

গতকাল সোমবার দেয়া পরিষদের এক বিবৃতিতে (মো: তাহের উল্লাহ স্বাক্ষরিত) বলা হয়, গোটা

(শেষ পৃ:৭-এর ক: দ্র:)

## বর্ধিত ছাত্র বেতন

(১ম পাতার পর)

ছাত্রসমাজ ইতিমধ্যেই ওই সিদ্ধান্ত প্রত্যাখ্যান এবং হরতালসহ বিভিন্ন কর্মসূচী পালন করেছে। অবিলম্বে ওই সার্কুলার প্রত্যাহারের দাবী জানিয়ে বিবৃতিতে বর্ধিত বেতন না দেয়া ও না নেয়ার জন্য সংশ্লিষ্ট ছাত্র ও কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানানো হয়।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন পৃথকভাবে অনুরূপ বিবৃতি দিয়েছে।